

User Manual of West Zone Prepaid App

ধাপ ১: Google play store থেকে West Zone Prepaid App ডাউনলোড করুন এবং আপনার ফোনে ইনস্টল করুন। সরাসরি অ্যাপটি পেতে নিচের QR Code টি স্ক্যান করুন।



ধাপ ২: এই অ্যাপে লগইন করার জন্য, আপনাকে প্রথমে নিবন্ধন করতে হবে। নাম, বৈধ ফোন নম্বর এবং ঠিকানা ব্যবহার করে আপনি নিবন্ধন করতে পারবেন।



ধাপ ৩: সফল নিবন্ধনের পরে, আপনি নিবন্ধিত ফোন নম্বর ব্যবহার করে এই অ্যাপটিতে লগইন করতে পারবেন।




ধাপ ৪: লগইন করার পরে, আপনি একটি হোমপেজ পাবেন যেখানে আপনি মিটার নম্বর ইনপুট দিয়ে মিটার যোগ করতে পারবেন। আপনি সাইডবারে কিছু বাটনও পাবেন।




ধাপ ৫: সাইডবারে "Add Meter" বাটন বা হোমপেজে "+(প্লাস)" বাটনটি চাপার পরে আপনি Add Meter নামে একটি পেইজ পাবেন এবং সঠিক মিটার নম্বর দেয়ার পরে আপনি মিটার মালিকের নাম এবং মিটার নম্বর সহ হোমপেজে কার্ড দেখতে পাবেন।




ধাপ ৬: সাইডবার থেকে "Delete Meter" বাটন চাপার পরে, আপনি যোগ করা কার্ড তালিকার একটি পেইজ দেখতে পাবেন। তালিকা থেকে ডিলিট আইকন টিপে আপনি যোগ করা মিটার ডিলিট করতে পারবেন।



ধাপ ৭: সাইডবারে "Search Token" বোতাম টিপে, আপনি মিটার নম্বর ইনপুটের একটি পেইজ দেখতে পাবেন এবং হোমপেজে মিটার এড না করেই গ্রাহকের মিটার নম্বর দিয়ে শেষ পনেরোটি টোকেন অনুসন্ধান করতে পারবেন।



ধাপ ৮: সাইডবারে "FAQs" বোতাম চেপে আপনি গ্রাহকের জিজ্ঞাসা করা সাধারণ কিছু প্রশ্ন এবং উত্তর পাবেন।



ধাপ ৯: সাইডবারে "Call 16117" বাটন চাপার পরে এটি আপনার ডায়াল কীপ্যাডকে পুনঃনির্দেশ করবে এবং আপনি আমাদের হেল্পলাইনে কল দিতে পারবেন।



ধাপ ১০: সাইডবারে "Logout" বাটন ব্যবহার করে, আপনি আপনার অ্যাকাউন্ট থেকে লগআউট করতে পারবেন।



ধাপ ১১: হোম স্ক্রিনে একটি এড করা কার্ড প্রেস করার পর আপনি "Account" বাটনে গ্রাহকের মৌলিক এবং অতিরিক্ত তথ্য দেখতে পাবেন।



ধাপ ১২: "Office" বাটন প্রেস করার পর ব্যবহারকারী তার মিটারের জন্য ফিডারের নাম, অফিসের নাম এবং অফিসের ঠিকানা দেখতে পাবেন।



ধাপ ১৩: "Recharges" বাটন প্রেস করার পর আপনি শেষ আটটি রিচার্জ হিস্টোরি পাবেন। আপনি প্রতিটি রিচার্জের তথ্য বা "Details" প্রেস করলে রিচার্জের পরিমাণ, রিচার্জের তারিখ, এনার্জি খরচ, রিচার্জ টোকেন ইত্যাদি সহ রিচার্জের বিবরণ পাবেন।



ধাপ ১৪: "Tokens" বাটন প্রেস করার পরে, ব্যবহারকারী তার মিটারের জন্য শেষ পনেরোটি টোকেন সিরিয়াল দেখতে পাবেন।



